দৈনিক ইত্তেফাক

তারিখ ..27 AUG 2015...
পৃষ্ঠা ...৭... কলাম... 2......

# কচুয়ায় স্কুলে হামলার ঘটনায় তদন্ত কমিটি গঠন

■ কচুয়া (চাঁদপুর) সংবাদদাতা

উপজেলার ভূঁইয়ারা উচ্চ বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীদের উপর সন্ত্রাসী হামলার ঘটনা তদন্তে ৫ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়েছে। মঙ্গলবার উপজেলা পরিষদ মিলনায়তনে মাসিক আইন-শৃঙ্খলা কমিটির সভায় এ কমিটি গঠন করা হয়। কমিটিতে উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডা. হায়দার আলীকে আহ্বায়ক ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মোঃ আহসান উল্যাহ চৌধুরী, শিক্ষা কর্মকর্তা একেএম শহীদুল হক মোল্লা, উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা মো. আবিদ মিয়া ও পল্লীবিদ্যুৎ সমিতির ডিজিএম মো. জাকির হোসেনকে সদস্য করা হয়।

এদিকে আইন-শৃঙ্খলা সভায় সাংবাদিকদের দোষারোপ করে বক্তব্য দেয়ায় স্থানীয় প্রেসক্লাব নিন্দা জানিয়েছে।